গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.০১.০০০৪.২৬.১১৪ তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

বিষয়: প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসায় নতুন কুঁড়ি স্পোর্টস এর ১০ ইভেন্টসহ আর্চারি, শুটিং ও হকি খেলার নিয়মিত অনুশীলন এবং প্রতিযোগিতার আয়োজন।

সূত্র: ১। টিএমইডি এর স্মারক নং ৫৭.০০.০০০০.০০০০.০৪২.৯৯.০০০৩.২৬.৬৮; তারিখ: ১৯ অক্টোবর ২০২৬
২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৮০.১৯.০০১৬.২৬.৪৮১; তারিখ: ০৯ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন ক্রীড়া পরিদপ্তর কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' নামে একটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাদকাসক্তি ও অতিরিক্ত ডিজিটাল আসক্তি মোকাবেলার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ, আত্মবিশ্বাসী ও দেশপ্রেমিক নাগরিক হিসাবে গড়ে তোলা এবং ক্রীড়াকে একটি সম্মানজনক পেশা হিসাবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে 'নতুন কুঁড়ি স্পোর্টস' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

০২। এমতাবস্থায়, 'নতুন কুঁড়ি স্পোর্টস' প্রতিযোগিতার ১০টি ইভেন্টসহ আর্চারি শুটিং ও হকি খেলার অনুশীলন ও প্রতিযোগিতা নিয়মিত আয়োজনের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসা প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
(১) টিএমইডি এর পত্র
(২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পত্র

২৯-১০-২০২৬
মোঃ চাঁদ মিয়া
উপপরিচালক (প্রশিক্ষণ)মাদরাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.০১.০০০৪.২৬.১১৪/১ (৪) তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।।
২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।।

২৯-১০-২০২৬
মোঃ রুবেল হোসাইন
সহকারী পরিচালক(প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)